দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 11 JUL 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# কলেজ জাতীয়করণ না করায় দেবীগঞ্জে বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, পঞ্চগড় ॥** জাতীয়করণ না করায় বিক্ষোভ আন্দোলনে উত্তাল হয়ে উঠেছে দেবীগঞ্জ ডিগ্রী কলেজ। শিক্ষক-শিক্ষার্থীদের অভিযোগ, সরকারের জাতীয়করণের নীতিমালা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এ কলেজটি জাতীয়করণের আওতায় পড়ে। কিন্তু এ কলেজ প্রতিষ্ঠার ২৩ বছর পর প্রতিষ্ঠিত দেবীগঞ্জ মহিলা ডিগ্রী কলেজ জাতীয়করণ করা হয়েছে। দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন কর্মসূচীর ঘোষণা করা হয়। এ কর্মসূচীর অংশ হিসেবে রবিবার দিনভর বিক্ষুব্ধরা কলেজ ক্যাম্পাসসহ আশপাশের এলাকায় বিক্ষোভ মিছিল, সমাবেশ ও কলেজের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করে। ১৯৭২ সালে স্থাপিত দেবীগঞ্জ ডিগ্রী কলেজটিতে উচ্চ মাধ্যমিক, তিনটি বিষয়ে অনার্সসহ ডিগ্রী পর্যায়ে চার হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। সাত একর জমির ওপর প্রতিষ্ঠিত কলেজটিতে শিক্ষক-কর্মচারীর সংখ্যা ৮১। অথচ বর্তমান সরকারের ঘোষিত উপজেলা পর্যায়ে জাতীয়করণের তালিকায় এ কলেজটির নাম নেই। সরকারের জাতীয়করণের নীতিমালা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এ কলেজটি জাতীয়করণের আওতায় পড়ে। বিক্ষোভকারীরা মিছিল-সমাবেশের পর কলেজের সামনের সড়কে মানববন্ধন করে। বক্তব্য দেন- উপজেলা আওয়ামী লীগের সভাপতি আ স ম নুরুজ্জামান, কলেজের অধ্যক্ষ আনিছুর রহমান, সাবেক ছাত্রনেতা আশরাফুল আলম এমু, কাদেরী কিবরিয়া, ছাত্র আবু বক্কর সিদ্দিক দীপু প্রমুখ।

## কাউনিয়া কলেজ

স্টাফ রিপোর্টার, নীলফামারী থেকে জানান, রংপুরের কাউনিয়া কলেজ জাতীয়করণের দাবিতে কাউনিয়া উপজেলাবাসী মানববন্ধন ও সমাবেশ করেছে। রবিবার কলেজের শহীদ মিনারে সমাবেশ, বিক্ষোভ মিছিল ও বালিকা বিদ্যালয় মোড়ে মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি প্রদান করা হয়। সমাবেশে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ মুসা আহম্মদ, ড. শাশ্বত ভট্টাচার্য, সহকারী অধ্যাপক ফজলুল হক সরকার, শিক্ষক প্রতিনিধি আবু দাউদ মোঃ আশরাফুল আরেফিন হিমেল, সরকার আবু ফেরদৌস মোঃ মোহসিন হিরা, প্রভাষক শফিকুল ইসলাম, আঃ জলিল প্রমুখ।